ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮১৬

আগরতলা, ১১ সেপ্টেম্বর, ২০২৫

# দু’দিনব্যাপী মঙ্গলকাব্য ও পুঁথি পাঁচালি পাঠ উৎসবের সমাপ্তি

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং আগরতলা পুর নিগম ও পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহযোগিতায় গতকাল যোগেন্দ্রনগর বনকুমারী নাট মন্দিরে দু’দিনব্যাপী মঙ্গলকাব্য ও পুঁথি পাঁচালি পাঠ উৎসব সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে সন্মানীয় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের চেয়ারম্যান ঝর্ণা দেববর্মা। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল দু’দিনব্যাপী এই উৎসব সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনার জন্য সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের পশ্চিম জেলা কার্যালয়ের সহ-অধিকর্তা মনোজ দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী স্বপ্না দাস প্রমুখ। দু’দিন ব্যাপী অনুষ্ঠিত এই উৎসবে মনসা মঙ্গল কাব্য পাঠ প্রতিযোগিতা সহ প্রাচীন সংস্কৃতি বিষয়ক আলোচনাচক্র, তাৎক্ষণিক বক্তৃতা, কবিগান, ক্যুইজ ইত্যাদি আয়োজিত হয়েছে। উৎসবে মনসা মঙ্গল প্রতিযোগিতায় ১ম হয়েছে কুমারীটিলার বিষহরি মনসামঙ্গল পাঠের দল, ২য় হয়েছে বড়দোয়ালীর শিশু রঞ্জন মালাকার ও তার দল এবং ৩য় হয়েছে আড়ালিয়ার বিকাশ দেব ও তার দল। বিজয়ীদের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। এছাড়াও এই উৎসবে অংশগ্রহণকারী প্রত্যেক দলকেই পুরস্কৃত করা হয়। উল্লেখ্য, মনসামঙ্গল প্রতিযোগিতায় পশ্চিম জেলা থেকে ১৪টি দল অংশ গ্রহণ করেছিল।

*****